

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১৩৪

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৮

১৪ ডিসেম্বর ২০২১

বিষয়: মহামান্য সুপ্রীম কোর্টের রায়ের প্রেক্ষিতে বকেয়াসহ সমুদয় বেতন ভাতাদি ছাড়করণ ও শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনে ২০১৯ এ মাদারীপুর জেলার রাইজের উপজেলা হতে মহিলা ভাইস চেয়ারম্যান পদে বিপুল ভোটে নির্বাচিত হয়ে ২৭/০৪/২০১৯ ইং তারিখ শপথ গ্রহণ করেন। উপজেলা পরিষদ থেকে সম্মানী গ্রহণ করে শিক্ষা প্রতিষ্ঠান থেকে অদ্যাবধি কোন বেতন-ভাতাদি গ্রহণ করেন নাই। শিক্ষা প্রতিষ্ঠান হতে বেতন-ভাতাদি বকেয়াসহ প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪৬২০/২০২০ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ মামলার ০৭/১১/২০২০ইং তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন:

“The respondents are hereby directed to pay the honorarium to the petitioner as Upazila Prishad Vice Chairman and pay salary with arrear from the Educational Institution as a Teacher simultaneously.”

মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪৬২০/২০২০ রায়ের প্রেক্ষিতে আপীল বিভাগে CIVIL PETITION FOR LEAVE TO APPEAL No. 474 OF 2021 দায়ের করেন। মহামান্য সুপ্রীমকোর্ট-এর মামলার নিম্নরূপ রায় প্রদান করেন:

“The leave petition is out of time by 160 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.”

‘As such, the leave petition is dismissed as barred by limitation.’

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪৬২০/২০২০-এর রায় ও আপীল বিভাগের আদেশের প্রেক্ষিতে মাদারীপুর জেলার রাইজের উপজেলার আলমদস্তার আদর্শ উচ্চ বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক (বাংলা) জনাব সেলিনা আক্তার-এর বকেয়াসহ বেতন-ভাতা সরকারি অংশ প্রদানের বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-১২-২০২১

মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৫০৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১৩৪/১(৪)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৮  
১৪ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৪-১২-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব